# সোনালী ব্যাংক পিএলসি

রামু শাখা, কক্সবাজার।

## নিলাম বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত -২০০৩ এর ১২(৩) ধারা মতে)

এতদ্বারা প্রকৃত ক্রেতা ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, রামু শাখা, জেলাঃ কক্সবাজার এর ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান মেসার্স নুরুল হুদা স্টোর, মালিক ঃ নুরুল হুদা, পিতাঃ মনির আহমদ, মাতাঃ রহিমা খাতুন, গ্রামঃ মনিরঝিল, কাউয়ারখোপ, রামু, কক্সবাজার এর নিকট ২০.০৩.২০২৫ তারিখ পর্যন্ত সুদ আরোপ ব্যতিত মোট বকেয়া ৫,৪১,৩৬১/- (পাঁচ লক্ষ একচল্লিশ হাজার তিনশত একষট্টি) টাকা মাত্র, মামলা ও অন্যান্য খরচ এবং আদায়কালতক সুদ সহ আদায়ের নিমিত্তে তফসীলভূক্ত ব্যাংকের নিকট বন্ধকীকৃত স্থাবর সম্পত্তি নিম্ন তফসিলে বর্ণিত স্থাবর সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে নিম্ন বর্ণিত শর্তাদিতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

**তফসিল-(১)**

মৌজাঃ মনিরঝিল, থানাঃ রামু, জেলাঃ কক্সবাজার।জেএল নং-০৬, আরএস খতিয়ান নং- ৪১৬, এম আর আর খতিয়ান নং-৩৭৬, বিএস খতিয়ান নং-২৩৩, ৩২০ বিএস মিউটেশন খতিয়ান নং- ৪৯৮ হতে সৃজিত বিএস মিউটেশন খতিয়ান নং ৫০২, আরএস দাগ নং- ৩৭১, ৪১৭, বিএস দাগ নং- ১১৬৩,১১৬৪, ১১৬৫, ১০২১ বিএস মিউটেশন দাগ নং- ১১৬৪, ১১৬৫, ১০২১। মোট জমি ২৫.০০ শতক।

## দরপত্রের শর্তাদি ঃ

০১। প্রকৃত নিলাম ক্রেতা বা দরদাতাদেরকে সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং প্রকৃত দর অংকে ও কথায় উল্লেখপূর্বক সীলমোহরকৃত খামে আগামী ২৬/০৫/২৫ তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, রামু শাখায় রক্ষিত টেন্ডার বক্সে জমা প্রদান কিংবা রেজিস্টার্ড ডাক যোগে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের মাধ্যমে দাখিল করা যাইবে। উক্ত তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হইবে।

০২। প্রত্যেক দরদাতা উদ্ধৃত দরে অনুর্ধ্ব ১০.০০(দশ) লক্ষ টাকা হইলে উহার শতকরা ২০% , উদ্ধৃত দর ১০.০০(দশ) লক্ষ টাকার অধিক এবং অনুর্ধ্ব ৫০.০০(পঞ্চাশ) লক্ষ টাকা হইলে উহার শতকরা ১৫% এবং উদ্ধৃত দর ৫০.০০(পঞ্চাশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক হইলে উহার শতকরা ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, কক্সবাজার শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

০৩। অনুর্ধ্ব ১০.০০(দশ) লক্ষ টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০দিবসের মধ্যে, ১০(দশ) লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০.০০(পঞ্চাশ) লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে এবং ৫০(পঞ্চাশ) লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে দরপত্রদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে। তাহা করিতে ব্যর্থ হইলে ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিবে।

০৪। উপরোক্ত ০৩ ও ০৪ অনুচ্ছেদের অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দর দাতা আহুত হইবার পরবর্তী ১০(দশ) দিবসের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

Sonali Bank PLC, Ramu Branch, Cox's Bazar

চলমান পাতা # ০২

সোনালী ব্যাংক পিএলসি

রামু শাখা, কক্সবাজার।

**নিলাম বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত -২০০৩ এর ১২(৩) ধারা মতে)**

০৫। দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবেন এবং বর্ণিত তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র ও কম জামানত প্রদানকারী কিংবা ত্রুটি পূর্ন দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে।

০৬। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে উচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

০৭।কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৮। সফল দরদাতাকে সরকারি বিধি মোতাবেক যাবতীয় হস্তান্তর ফি, রেজিস্ট্রেশান খরচ, ভ্যাট বা মূল্য সংযোজন কর, স্ট্যাম্প ডিউটি, অন্যান্য শুল্ক এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় আনুষঙ্গিক খরচ বহন করিতে হইবে।

০৯। শর্তবহির্ভূত কোন বিষয়ে নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হইবে।

ROMENA JAHAN SIDDIQUA
MANAGER, B-7649

(রোমেনা জাহান ছিদ্দিকা)
ম্যানেজার (প্রিন্সিপাল অফিসার)
সোনালী ব্যাংক পিএলসি
রামু শাখা,কক্সবাজার।
01730317606.